রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুলাই ২৭, ২০০০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

জাতীয় রাজস্ব বোর্ড

(শুল্ক)

## প্রজ্ঞাপন

ঢাকা, ১০ই শ্রাবণ ১৪০৭/২৫শে জুলাই ২০০০ইং।

এস, আর, ও নং ২৪০-আইন/২০০০/১৮৫৫/শুল্ক—The Customs Act, 1969 (IV of 1969) এর section 219, section 207 এবং Third Schedule এর Item 21 এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড নিম্নবর্ণিত বিধিমালা প্রণয়ন করিল, যথা ঃ—

(১) সংশ্লিষ্ট শিরোনাম।— এই বিধিমালা ফ্রেইট ফরওয়ার্ডার্স লাইসেন্সিং বিধিমালা, ২০০০ নামে অভিহিত হইবে।

(২) সংজ্ঞা।— বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) "আইন" অর্থ The Customs Act, 1969 (IV of 1969) ;

(খ) "পণ" অর্থ ফ্রেইট ফরওয়ার্ডার্স কর্তৃক আমদানীকারক বা রপ্তানীকারকদের নিকট হইতে প্রযোজ্য ক্ষেত্রে প্রাপ্য কমিশন, চার্জ, ফিস, সকল প্রকার কর, যাবতীয় ব্যয় ও অন্যান্য আর্থিক সুবিধা ;

(গ) "ফরম" অর্থ এই বিধিমালার সহিত সংযুক্ত ফরম ;

(ঘ) "ফ্রেইট ফরওয়ার্ডার" অর্থ অন্যের দ্বারা মোড়কজাতকৃত বা মোড়কজাতকরণ ব্যতীত ; পণ্যের বিনিময়ে মোড়কজাতকরণসহ কোন পণ্য আমদানী বা রপ্তানীর উদ্দেশ্যে গন্তব্যস্থলে আনয়নের অথবা প্রেরণের জন্য বাণিজ্যিক ভিত্তিতে পরিবহন ব্যবসা সংক্রান্ত কার্য সম্পাদনকারী ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা ;



মূল্য ঃ টাকা ৩.০০

(ঙ) "বোর্ড" অর্থ National Board of Revenue Order, 1972 (P.O. No. 76 of 1972) এর অধীন গঠিত National Board of Revenue ;

(চ) "লাইসেন্স" অর্থ এই বিধিমালার বিধি ৭ এর অধীন প্রদত্ত কোন লাইসেন্স ;

(ছ) "লাইসেন্সিং কর্তৃপক্ষ" অর্থ এই বিধিমালার বিধি ৩ এর অধীন গঠিত কর্তৃপক্ষ ;

(জ) "লাইসেন্সিং" অর্থ এই বিধিমালার বিধি ৭ এর অধীন লাইসেন্সপ্রাপ্ত একজন ফ্রেইট ফরওয়ার্ডার ;

(ঝ) "ব্যক্তি" অর্থ কোন ব্যক্তি, কোম্পানী বা অংশীদারী কারবারী প্রতিষ্ঠান।

৩। **লাইসেন্সিং কর্তৃপক্ষ গঠন।**—(১) বোর্ড, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, বোর্ডের দুইজন কর্মকর্তা এবং এসোসিয়েশন অব কার্গো এজেন্টস্ অব বাংলাদেশ (একাব) এর মনোনীত একজন প্রতিনিধি সমন্বয়ে একটি লাইসেন্সিং কর্তৃপক্ষ গঠন করিবে।

(২) উপ-বিধি (১) এর অধীন মনোনীত প্রতিনিধি দুই বৎসরের জন্য স্বীয় পদে বহাল থাকিবেন।

(৩) উপ-বিধি (১) এর অধীন মনোনীত প্রতিনিধি বোর্ডের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে স্বীয় পদত্যাগ করিতে পারিবেন।

(৪) বোর্ড যদি এই মর্মে সন্তুষ্ট হয় যে, উপ-বিধি (১) এর অধীন মনোনীত প্রতিনিধি গুরুতর অসদাচরণ কিংবা শারীরিক বা মানসিক অক্ষমতার কারণে তাহার পদে বহাল থাকার অযোগ্য হইয়া পড়িয়াছেন, তাহা হইলে বোর্ড যে কোন সময় তাহাকে তাহার পদ হইতে অপসারণ করিতে পারিবে।

(৫) শুধুমাত্র একজন সদস্যের পদ শূন্য থাকার কারণে লাইসেন্সিং কর্তৃপক্ষের কোন কার্য বা কার্যধারা অবৈধ হইবে না এবং তৎসম্পর্কে কোন বৈধতার প্রশ্ন উত্থাপন করা যাইবে না।

৪। **লাইসেন্সিং কর্তৃপক্ষের দায়িত্ব।**—লাইসেন্সিং কর্তৃপক্ষের দায়িত্ব হইবে নিম্নরূপ, যথা ঃ—

(ক) লাইসেন্সের জন্য আবেদন পত্র গ্রহণ ;

(খ) প্রাপ্ত আবেদন পত্র বিবেচনা ;

(গ) লাইসেন্স প্রদান ;

(ঘ) লাইসেন্স নবায়নকরণ ;

(ঙ) লাইসেন্স সাময়িকভাবে স্থগিতকরণ ; এবং

(চ) লাইসেন্স বাতিলকরণ।

৫। **লাইসেন্সের জন্য আবেদন।**— একজন আবেদনকারী লাইসেন্স প্রাপ্তির জন্য লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট নিম্নবর্ণিত কাগজ পত্রাদিসহ ফরম 'ক'-তে আবেদন করিতে পারিবেন, যথা ঃ—

(ক) ট্রেড লাইসেন্স ;

(খ) টি, আই, এন সনদপত্র (Tax Identification Number (TIN) Certificate) ;

(গ) মূল্য সংযোজন কর নিবন্ধন পত্র ;

(ঘ) আর্থিক সচ্ছলতার প্রমাণ-স্বরূপ ব্যাংকের সনদপত্র ;

(ঙ) আবেদনকারী সংস্থা হইলে, সংস্থা প্রধানের বা তাহার ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির তিন কপি পাসপোর্ট সাইজ ছবি ;

(চ) The Foreign Exchange Regulation Act, 1947 এর section 18 A মোতাবেক বাংলাদেশ ব্যাংকের ছাড়পত্র ;

(ছ) বাংলাদেশে ফ্রেইট ফরওয়ার্ডার হিসাবে কাজ করিবার জন্য কমপক্ষে একটি আন্তর্জাতিক সহযোগী প্রতিষ্ঠানের সাথে সম্পাদিত চুক্তিনামার কপি ;

(জ) ফ্রেইট ফরওয়ার্ডারদের সহযোগী সংগঠন একাব এর সদস্যভুক্তির হালনাগাদ সনদপত্রের কপি ;

(ঝ) প্রযোজ্য ক্ষেত্রে অংশীদারিত্ব চুক্তির মেমোরেন্ডাম অব এসোসিয়েশন এবং আর্টিকেল অব এসোসিয়েশন এর কপি ;

(ঞ) লাইসেন্সিং কর্তৃপক্ষের অনুকূলে ১,০০০ (এক হাজার) টাকার অফেরতযোগ্য ব্যাংক ড্রাফট বা পেঅর্ডার বা চালান ; এবং

(ট) সততা, নিষ্ঠা ও পেশাগত দক্ষতার সাথে দায়িত্ব পালনের অঙ্গীকারনামা।

৬। **লাইসেন্স প্রদান।**— (১) লাইসেন্সিং কর্তৃপক্ষ বিধি ৫-এর অধীন কোন আবেদন প্রাপ্তির পরবর্তী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে, বাছাই ও পরীক্ষান্তে, বিবেচনা করিবে এবং প্রয়োজনে আবেদনকারীর নিকট হইতে অন্য যে কোন তথ্য সরবরাহ করিবার জন্য আবেদনকারীকে নির্দেশ দিতে পারিবে।

(২) লাইসেন্সিং কর্তৃপক্ষ লিখিত পরীক্ষা বা মৌখিক সাক্ষাৎকারের মাধ্যমে আবেদনকারীর শুল্ক আইন সম্পর্কে জ্ঞান যাচাই এবং গ্রাহককে যথাযথ সার্ভিস প্রদানের যোগ্যতা সম্পর্কে নিশ্চিত হইবার পর লাইসেন্স প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করিবে এবং কর্তৃপক্ষ কর্তৃক লাইসেন্স প্রদানের সিদ্ধান্ত গৃহীত হইলে আবেদনকারীকে ফরম 'খ'-তে বর্ণিত ছকে লাইসেন্স প্রদান করিবে।

৭। **লাইসেন্সিং কর্তৃপক্ষের সিদ্ধান্তের বিরুদ্ধে আপীল।**— এই বিধিমালার বিধি ৬ এর অধীন প্রদত্ত লাইসেন্সিং কর্তৃপক্ষের সিদ্ধান্তের বিরুদ্ধে সংক্ষুব্ধ ব্যক্তি সিদ্ধান্ত প্রদানের ৩০(ত্রিশ) দিনের মধ্যে বোর্ডের নিকট আপীল করিতে পারিবে এবং এই বিষয়ে বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

৮। **লাইসেন্সের মেয়াদকাল ইত্যাদি।**— (১) লাইসেন্স সমগ্র বাংলাদেশের জন্য প্রযোজ্য হইবে।

(২) লাইসেন্স নবায়ন করা না হইলে কিংবা বর্ষপূর্তির পূর্বে উহা বাতিল করা না হইলে, লাইসেন্স প্রদানের তারিখ হইতে পরবর্তী এক পঞ্জিকা-বৎসর পর্যন্ত উহার কার্যকারিতা বহাল থাকিবে।

৯। **লাইসেন্স নবায়ন ফিস।**— লাইসেন্স নবায়ন ফিস হইবে ৫০০০ (পাঁচ হাজার) টাকা এবং প্রতি বৎসর ৫০০০ (পাঁচ হাজার) টাকার ব্যাংক ড্রাফট অথবা পেঅর্ডার জমা দিয়া লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট লিখিতভাবে আবেদন করা হইলে এবং আবেদনের তারিখ পর্যন্ত বিধি ১২তে উল্লেখিত কোন অভিযোগে অভিযুক্ত না হইলে এবং লাইসেন্সিং কর্তৃপক্ষ যথাযথ মনে করিলে উক্ত লাইসেন্স নবায়ন করিতে পারিবেন।

১০। **লাইসেন্স হস্তান্তর।**— এই বিধিমালার অধীন প্রদত্ত লাইসেন্স হস্তান্তরযোগ্য হইবে না ঃ

তবে শর্ত থাকে যে, লাইসেন্সিং কর্তৃপক্ষের পূর্বানুমতি সাপেক্ষে, কেবল অংশীদারী ব্যবসার ক্ষেত্রে নূতন একজন সহঅংশীদার গ্রহণ করা হইলে বা কোম্পানীর ক্ষেত্রে উহার গঠনপ্রণালীতে কোন প্রকার পরিবর্তন সাধন করা হইলে, সেই ক্ষেত্রে উহা হস্তান্তরযোগ্য হইবে।

১১। **ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির মাধ্যমে কার্য-সম্পাদন।**— (১) লাইসেন্সী যেই শুল্ক ভবনে বা কমিশনারেটে ব্যবসা পরিচালনা করিবেন সেই শুল্ক ভবন বা কমিশনারেটের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট তাহার পক্ষে কার্য সম্পাদনের জন্য ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধিবৃন্দের নাম, দুই কপি ছবি, যোগ্যতা এবং নমুনা স্বাক্ষর দাখিল করিবে।

(২) কোন শুল্ক ভবন বা কমিশনারেটের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা উপ-বিধি (১) এর বিধান অনুযায়ী কার্য-সম্পাদনের জন্য সর্বোচ্চ তিনজন প্রতিনিধিকে ক্ষমতা প্রদানের জন্য অনুমতি দিতে পারিবেন।

১২। **লাইসেন্স বাতিল।**— (১) লাইসেন্সিং কর্তৃপক্ষ কোন লাইসেন্স বাতিল করিতে পারিবে এবং নিম্নবর্ণিত কারণে লাইসেন্স বাতিল করা যাইবে, যথা ঃ—

(ক) লাইসেন্সি কর্তৃক আইন ও অত্র বিধিমালার কোন বিধান ভঙ্গ করা হইলে ;

(খ) লাইসেন্সি কর্তৃক কর্তব্য পালনে অবহেলা বা অদক্ষতা প্রদর্শন করা হইলে,

(গ) লাইসেন্সি এই বিধিমালার আওতায় সম্পাদিত বন্ডের কোন শর্ত পালনে ব্যর্থ হইলে ;

(ঘ) লাইসেন্সি কর্তৃক অসদাচরণ প্রদর্শিত হইলে ;

(ঙ) ব্যবসা সংক্রান্ত দলিল-পত্রাদি ৩ বৎসর পর্যন্ত সংরক্ষণ করিতে ব্যর্থ হইলে অথবা যথোপযুক্ত ক্ষমতাপ্রাপ্ত শুল্ক কর্মকর্তাকে তা প্রদর্শন ও প্রয়োজনবোধে উহা হইতে অনুলিপি সংগ্রহে সহযোগিতা না করিলে ;

(চ) মিথ্যা অভিযোগ, ভয়ভীতি বা কোন অন্যায় সুযোগ-সুবিধা প্রদানের মাধ্যমে কোন কর্মকর্তা ও কর্মচারীকে প্রভাবিত করার চেষ্টা করিলে ;

(ছ) শুল্ক কর্তৃপক্ষের নিকট মিথ্যা ঘোষণা প্রদান অথবা ত্রুটিপূর্ণ কিংবা জালদলিল প্রদান অথবা কোন দলিলাদি অবৈধভাবে পরিবর্তন, পরিমার্জন, পরিবর্ধন বা অপসারণের মাধ্যমে শুল্ক কর ফাঁকি দিলে কিংবা ফাঁকি দিতে সহায়তা করিলে ;

(জ) উপযুক্ত আদালত কর্তৃক দেউলিয়া ঘোষিত হইলে ; এবং

(ঝ) ফৌজদারী অপরাধে দোষী সাব্যস্ত হইয়া দণ্ডিত হইলে।

(২) কোন লাইসেন্সিকে আত্মপক্ষ সমর্থনের সুযোগ না দিয়া উপ-বিধি (১) এর অধীন লাইসেন্স বাতিল করা যাইবে না।

১৩। লাইসেন্স সাময়িকভাবে স্থগিতকরণ।— (১) লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট যদি প্রতীয়মান হয় যে, কোন লাইসেন্সির অনুকূলে প্রদত্ত লাইসেন্স অবিলম্বে স্থগিত করা আবশ্যক, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ এই বিধিমালার বিধি ১২ এর অধীন তাহার বিরুদ্ধে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের পূর্বে লাইসেন্স এর কার্যকারিতা সাময়িকভাবে স্থগিত রাখিতে পারিবেন।

(২) উপ-বিধি (১) এর অধীন কোন লাইসেন্স সাময়িকভাবে স্থগিত করা হইলে, লাইসেন্সিং কর্তৃপক্ষ উক্ত স্থগিতাদেশ জারীর তিন মাসের মধ্যে উক্ত বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করিবে।

(৩) উপ-বিধি (২) এর সময়সীমার মধ্যে লাইসেন্সিং কর্তৃপক্ষ সিদ্ধান্ত করিতে ব্যর্থ হইলে লাইসেন্সি উক্ত স্থগিতাদেশের বিরুদ্ধে বোর্ডের নিকট আপীল করিতে পারিবে এবং এই বিষয়ে বোর্ডের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

১৪। আপীল।— বিধি ১২ এবং ১৩ এর অধীন লাইসেন্সিং কর্তৃপক্ষের যে কোন সিদ্ধান্তের বিরুদ্ধে সংক্ষুব্ধ ব্যক্তি বোর্ডের নিকট, সিদ্ধান্ত প্রদানের ৩০ (ত্রিশ) দিনের মধ্যে, আপীল করিতে পারিবে এবং এ বিষয়ে বোর্ডের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

আবুল কাসেম
সদস্য (শুল্ক)।

ফরম-ক

(বিধি ৫ দ্রষ্টব্য)

ফ্রেইট ফরওয়াডার্স লাইসেন্সিং বিধিমালা, ২০০০ এর অধীন

ফ্রেইট ফরওয়াডার্স লাইসেন্স প্রাপ্তির আবেদন

কোর্ট ফি ষ্ট্যাম্প ২ টাকা

বরাবর,
লাইসেন্সিং কর্তৃপক্ষ,
জাতীয় রাজস্ব বোর্ড,
সেগুনবাগিচা, ঢাকা।

মহোদয়,

আমি/আমরা........................................................................"ফ্রেইট ফরওয়াডার্স (লাইসেন্সিং) বিধিমালা" ২০০০ এর আওতায় ফ্রেইট ফরওয়াডার্স হিসেবে ব্যবসা পরিচালনার জন্য আবেদন করিতেছি।

বিস্তারিত তথ্যাদি নিম্নে প্রদত্ত হইল ঃ

১। পুরা নাম ঃ

২। জাতীয়তা ঃ

৩। ঠিকানা ঃ

৪। ব্যবসার ধরণ ঃ
(ব্যক্তি মালিকানাধীন, যৌথ মালিকানাধীন, অংশীদারীত্বমূলক, লিমিটেড কোম্পানী)

৫। যৌথ কারবারের ক্ষেত্রে অংশীদারগণ/পরিচালকগণ/ব্যবস্থাপনা পরিচালকগণের নাম ঃ

৬। লাইসেন্স পাইলে দলিলাদিতে স্বাক্ষরদানে ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির নাম ঃ

৭। আবেদনকারীর শিক্ষাগত যোগ্যতা ঃ

৮। ব্যবসায়িক অভিজ্ঞতা ঃ

৯। ফ্রেইট ফরওয়ার্ডিং এর কাজের অভিজ্ঞতা ঃ

১০। আয়কর নিবন্ধন নম্বর এবং সর্বশেষ আয়কর পরিশোধের রশিদ ঃ

১১। একাউন্ট নম্বরসহ সংশ্লিষ্ট ব্যাংকের নাম ঃ

১২। প্রতিষ্ঠানের ক্ষেত্রে নিয়োগকৃত জনবলের তালিকা ঃ

১৩। লাইসেন্স প্রাপ্তির জন্য কখনো অযোগ্য বিবেচিত হয়েছিলেন কি-না ঃ

১৪। সহযোগী আন্তর্জাতিক প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা (চুক্তিনামার কপিসহ) ঃ

১৫। একাব (ACAB) এর সদস্য নং এবং তারিখ ঃ

আমি/আমরা প্রত্যয়ন করিতেছি যে, আবেদনপত্রে উল্লেখিত তথ্যাদি এবং সংযুক্ত দলিলাদি সঠিক ও সত্য এবং আমি/আমরা ফ্রেইট ফরওয়াডার্স লাইসেন্সিং বিধিমালা, ২০০০ পড়িয়াছি এবং আমি/আমরা নিশ্চিয়তা প্রদান করিতেছি যে, লাইসেন্স পাইলে আমি/আমরা বিধিমালার বিধানাবলী মানিয়া চলিব।

আপনার অনুগত,

(আবেদনকারীর স্বাক্ষর ও তারিখ।)

সংযুক্ত ঃ (আবেদন পত্রের সাথে সংযোজিত কাগজপত্রের তালিকা দিতে হইবে)।

নোট ঃ ১। আবেদনকারীর তিন কপি পাসপোর্ট সাইজ ছবি সংযুক্ত করিতে হইবে।

২। আবেদন পত্রে কোন প্রকার ঘষামাজা গ্রহণযোগ্য হইবে না।

ফরম-খ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**জাতীয় রাজস্ব বোর্ড**

ঢাকা।

## ফ্রেইট ফরওয়াডার্স লাইসেন্স

(বিধি ৭দ্রষ্টব্য)

Customs Act, 1969 (IV of 1969) এর section 207 এবং Third Schedule এর Item 21 এর আওতায় বাংলাদেশের অভ্যন্তরে সকল শুল্ক স্টেশনে ফ্রেইট ফরওয়াডার্স (লাইসেন্সিং) বিধিমালা, ২০০০ মোতাবেক ফ্রেইট ফরওয়াডার্স ব্যবসা পরিচালনার জন্য এই লাইসেন্স প্রদান করা হইল।

লাইসেন্স নম্বর ঃ

ব্যক্তি/প্রতিষ্ঠানের নাম ঃ

ঠিকানা ঃ

টেলিফোন/ফ্যাক্স/ই-মেইল ঃ

এই লাইসেন্সটি হস্তান্তরযোগ্য নয় এবং বিধিমালায় বর্ণিত কোন কারণে বাতিল, সাময়িকভাবে স্থগিত বা নবায়িত করা না হইলে ইস্যুর তারিখ হইতে এক বৎসরের জন্য বলবৎ থাকিবে।

তারিখ ঃ

(লাইসেন্সিং কর্তৃপক্ষের স্বাক্ষর)
ও
সীল

পূর্ণ ঠিকানা ঃ

লাইসেন্স নবায়ন

নবায়ন হইতে পর্যন্ত কর্তৃপক্ষের স্বাক্ষর

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

( আবুল কাসেম )
সদস্য (শুল্ক)।

মোঃ আবদুল করিম সরকার, (উপ-সচিব) উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয় ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।